

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৩ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৪.০১৯.০০.০০.০১১.২০১৫-৬৯০

তারিখ: ১৯-০৮-১৪২৬ বঙ্গাব্দ
০৪-১২-২০১৯ খ্রিষ্টাব্দ**বিষয়ঃ দেশের ৬৪টি কারাগার/কারা হাসপাতাল সমূহে শূণ্য পদে চিকিৎসক পদায়ন সংক্রান্ত।****সূত্রঃ (১) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় নং ৫৮.০০.০০০০.০৮৪.১৯.০০৪.২০১৮-৫৬৮ তারিখঃ ০৭.০৮.২০১৯****(২) নং-৪৫.১৪৪.০১৯.০০.০০.০১১.২০১৫-৬৩০, তারিখ-১২-১১-২০১৯ইং**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১২-১১-২০১৯ ইং তারিখে ৪৫.১৪৪.০১৯.০০.০০.০১১.২০১৫-৬৩০ স্মারকে একটি পত্র প্রেরণ করা হয়। পত্রে উল্লেখ করা হয় দেশের ৬৪টি কারাগার/কারা হাসপাতাল সমূহে চিকিৎসক পদায়নের বিষয়টি জরুরী। চিকিৎসকের অভাবে জেলা কারাগার / কারা হাসপাতাল সমূহে বন্দী কয়েদীগণ মানবতের জীবন যাপন করছেন। বিষয়টি বিবিসিসহ বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়েছে। জরুরী ভিত্তিতে জেলা কারাগার / কারা হাসপাতাল সমূহে প্রেষণে চিকিৎসক পদায়নের জন্য আগামী ০৩ (তিন) দিনের মধ্যে চিকিৎসকের একটি তালিকা (২০০ জনের) প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যবধি এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। এমতাবস্থায়, জরুরীভিত্তিতে ২০০ (দুইশত) জন চিকিৎসকের তালিকা প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: ছকসহ ০২ পাতা।

U. Reh
8/12/2019
(উম্মে রেহানা)

উপসচিব

ফোন নং ৯৫৪৯১২৮

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।